# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 10.09.2024** **Time: 7.35 A.M**

## বিশেষ বিশেষ খবর –

১) আর জি কর কান্ডে সুপ্রিম কোর্ট আন্দোলনরত চিকিৎসকদের আজ বিকেল পাঁচটার মধ্যে কাজে ফেরার নির্দেশ দেওয়ার পরই জুনিয়ার চিকিৎসক সংগঠনের পক্ষ থেকে আন্দোলন আরও জোরদার করা হচ্ছে  আজ স্বাস্থ্যভবন অভিযানের ডাক দিয়েছে তারা।

২) সুপ্রিম কোর্ট, আর জি কর কান্ডের প্রতিবাদে আন্দোলনরত জুনিয়র ডাক্তারদের আজ বিকেল ৫-টার মধ্যে কাজে ফেরার নির্দেশের পাশাপাশি আগামী ১৭-ই সেপ্টেম্বর সিবিআই-কে নতুন করে স্টেটাস রিপোর্ট জমা দিতে বলেছে।

৩) আরজি কর নিয়ে আন্দোলনকারী জুনিয়র ডাক্তারদের সঙ্গে তিনি আলোচনায় বসতে প্রস্তুত বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

৪) রাজ্য সরকার সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণ মেনে সরকারি মেডিকেল কলেজ হাসপাতালগুলির নিরাপত্তা সুনিশ্চিত করবে।

৫) রাজ্যের পুজো কমিটিগুলিকে এবছরের পুজো অনুদান দেওয়ার কাজ আজ শুরু হবে।

৬) জি এস টি কাউন্সিল ক্যান্সারের ওষুধের ওপর পণ্য পরিষেবা কর ১২ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করেছে।

oooooooooooooooooooooo

আর জি কর কান্ডে সুপ্রিম কোর্ট আন্দোলনরত চিকিৎসকদের আজ বিকেল পাঁচটার মধ্যে কাজে ফেরার নির্দেশ দেওয়ার পরই জুনিয়ার চিকিৎসক সংগঠনের পক্ষ থেকে আন্দোলন আরও জোরদার করার ডাক দেওয়া হয়েছে। গতরাতে জিবি মিটিং-এর পর এক সাংবাদিক বৈঠকে জুনিয়ার চিকিৎসকদের পক্ষ থেকে জানানো হয়, সি বি আই যে তদন্ত চালাচ্ছে বা সুপ্রিম কোর্ট এব্যাপারে এপর্যন্ত যে অবস্থান নিয়েছে, তাতে তারা হতাশ। স্বাস্থ্য ক্ষেত্রে পাহাড় প্রমাণ দুর্নীতি প্রকাশ্যে আনার লক্ষে এবং অভয়ার ন্যায় বিচারের দাবিতেই তাদের এই আন্দোলন। জুনিয়ার ডাক্তাররা আন্দোলন চালালেও রাজ্যের রেজিস্ট্রার্ড ডাক্তারের সংখ্যা ৯০ হাজারের বেশি। তা সত্ত্বেও যদি রোগী মৃত্যু হয়, তাহলে তা রাজ্যের বেহাল স্বাস্থ্য পরিকাঠামোকেই তুলে ধরে। ঘটনার অকুস্থল সেমিনার হলের পাশে সংস্কারের নামে ভাঙচুরের যে নির্দেশ দেওয়া হয়েছিল, তাতে স্বাস্থ্য সচিব, স্বাস্থ্য অধিকর্তা এবং স্বাস্থ্য শিক্ষা অধিকর্তার স্বাক্ষর করেছে। এর প্রেক্ষিতে ওই তিন স্বাস্থ্য কর্তার পদত্যাগের দাবি জানিয়ে আজ স্বাস্থ্যভবন অভিযানের ডাক দিয়েছেন জুনিয়ার ডাক্তাররা। দাবি না মানা হলে কর্মবিরতি চলবে বলে স্পষ্ট জানানো হয়।

( বাইট –ডাক্তার প্রোটেস্ট)

এদিকে, জুনিয়ার ডাক্তাররা আন্দোলনের ব্যাপারে যে সিদ্ধান্ত নেবে, সিনিয়ার চিকিৎসকরাও তাদের পাশে থাকবে। ডাক্তার সংগঠনগুলির যৌথ মঞ্চ জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স ওয়েস্ট বেঙ্গলের পক্ষ থেকে ডাক্তার উৎপল ব্যানার্জী একথা জানিয়ে বলেন, জুনিয়ার ডাক্তারদের এই আন্দোলনের ফলে রাজ্য স্বাস্থ্য ব্যবস্থায় দুর্নীতি ও হুমকির রাজনীতি বিশ্বের মানুষের কাছে ছড়িয়ে পড়েছে। তাদের আন্দোলনের রূপরেখার প্রতি সহ মর্মিতা জানানো হবে । মুখ্যমন্ত্রীর বক্তব্যেরও সমালোচনা করেন তিনি।

oooooooooooooooooooooo

সুপ্রিম কোর্ট, আর জি কর কান্ডের প্রতিবাদে আন্দোলনরত জুনিয়র ডাক্তারদের আজ বিকেল ৫-টার মধ্যে কাজে ফেরার নির্দেশ দিয়েছে। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পারদিওয়ালা ও বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চে গতকাল এই মামলার শুনানির সময় রাজ্যের তরফে প্রবীন আইনজীবী কপিল সিব্বাল, জুনিয়র ডাক্তারদের কর্মবিরতির জেরে সরকারি স্বাস্থ্য পরিষেবার বেহাল অবস্থার কথা তুলে ধরেন। তিনি জানান, চিকিৎসকদের আন্দোলন চলায় ২৩ জন রোগীর মৃত্যু হয়েছে। ৬ লক্ষ রোগী চিকিৎসা থেকে বঞ্চিত হয়েছেন। যে ডাক্তাররা কাজে ফিরবেন তাদের বিরুদ্ধে বদলি সহ শাস্তিমূলক কোন ব্যবস্থা নেওয়া হবে না বলে জানান শ্রী সিব্বাল।

এর প্রেক্ষিতে প্রধান বিচারপতি বলেন, আন্দোলনকারী চিকিৎসকরা যদি এই সময়সীমার মধ্যে কাজে না ফেরেন তাহলে তাঁদের বিরুদ্ধে রাজ্য সরকার ব্যবস্থা নেবে। পাশাপাশি চিকিৎসকদের মনে আস্থা ফেরাতে পদক্ষেপ করতে হবে রাজ্য সরকারকে। তাদের সুরক্ষা ও নিরাপত্তা সুনিশ্চিত করবে পুলিশ ও প্রশাসন। আন্দোলনকারী জুনিয়র চিকিৎসকদের ক্রমাগত হুমকি দেওয়া হচ্ছে বলে তাঁদের তরফে আইনজীবী গীতা লুথরা  উদ্বেগ প্রকাশ করলে, প্রধান বিচারপতির বেঞ্চ এই নির্দেশ দেন।  তিনি বলেন, কর্তব্য পালনের মূল্যে প্রতিবাদ করা যায় না।

স্বতঃপ্রণোদিত এই মামলায় গতকাল শুনানী শুরু হওয়ার পরই এখনও পর্যন্ত তদন্তের অগ্রগতি নিয়ে সিবিআই-এর পেশ করা স্টেটাস রিপোর্ট খুঁটিয়ে দেখেন তিন বিচারপতি। সলিসিটর জেনারেল তুষার মেহতা এবং আইনজীবী ফিরোজ এডুলজি একাধিক বিষয়ে অসংগতির প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। রাজ্যও তাদের বক্তব্য পেশ করে।

দু-পক্ষের সওয়াল জবাব শুনে প্রধান বিচারপতি আগামী মঙ্গলবার ১৭-ই সেপ্টেম্বর সিবিআই-কে নতুন করে স্টেটাস রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দেন। ওই দিনই হবে পরবর্তী শুনানী।

oooooooooooooooooooooo

আরজি কর নিয়ে আন্দোলনকারী জুনিয়র ডাক্তারদের সঙ্গে তিনি আলোচনায় বসতে প্রস্তুত বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। সুপ্রিম কোর্টের নির্দেশকে সম্মান জানিয়ে জুনিয়র ডাক্তারদের কাজে ফিরতে অনুরোধ করেছেন তিনি। নবান্নে আজ রাজ্য স্তরের প্রশাসনিক বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, আলোচনার রাস্তা সব সময় খোলা আছে। সংগঠনের পক্ষ থেকে তাদের দাবি দাওয়া নিয়ে আলোচনায় বসলে তা খতিয়ে দেখা হবে।

চিকিৎসক তরুণীর ধর্ষণ ও খুনের প্রমাণ লোপাটের যাবতীয় অভিযোগ খারিজ করে মুখ্যমন্ত্রী বলেন, সরকারের কিছু গোপন করার নেই। কাউকে আড়াল করারও নেই। নির্যাতিতার পরিবারকে অর্থ সহায়তা প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, তিনি টাকার কথা বলেননি। এনিয়ে মিথ্যা প্রচার চলছে।

( বাইই – মুখ্যমন্ত্রী টাকা)

অন্যদিকে আরজি কর নিয়ে চলা নাগরিক আন্দোলনের প্রতি ইঙ্গিত করে তিনি বলেন, এখনো পর্যন্ত যত আন্দোলন হয়েছে তা অনুমতি ছাড়াই হয়েছে। কেন্দ্রীয় সরকারের প্ররোচনা এবং কয়েকটি বাম দল আন্দোলনের নামে অশান্তি ছড়াচ্ছে। আন্দোলন ছেড়ে এবার উৎসবে ফেরার আবেদন জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

(বাইট - মুখ্যমন্ত্রী পুজোয় ফিরুন)

মুখ্যমন্ত্রী গতকাল আন্দোলন প্রত্যাহার করে রাজ্যের মানুষকে উৎসবে ফেরার যে আহ্বান জানিয়েছেন, তাকে অত্যন্ত অমানবিক মন্তব্য বলেও জুনিয়ার ডাক্তারদের পক্ষ থেকে মত ব্যক্ত করা হয়েছে।

(বাইট – ডাক্তার পুজো)

অর্থ দেওয়া নিয়ে মুখ্যমন্ত্রী মিথ্যাচার করছেন বলে নির্যাতিতার মা অভিযোগ করেছেন।

(বাইট – মা)

oooooooooooooooooooooo

রাজ্য সরকার সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণ মেনে সরকারি মেডিকেল কলেজ হাসপাতালগুলির নিরাপত্তা সুনিশ্চিত করবে বলে মুখ্য সচিব মনোজ পন্থ জানিয়েছেন। প্রশাসনিক বৈঠকের পরে নবান্নে এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, এজন্য স্বাস্থ্য ভবনের তরফে ১০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। সিসিটিভি, আলো, রেস্ট রুম সহ বিভিন্ন কাজের জন্য এক সপ্তাহের মধ্যে কাজ শুরু হবে বলে। হাসপাতালগুলিতে রাজ্য সরকারের নিজস্ব নিরাপত্তা ব্যবস্থা ছাড়াও প্রয়োজনে প্রশিক্ষণ দিয়ে নতুন নিরাপত্তা কর্মী নিয়োগ করা হবে। আজ বিকাল পাঁচটার মধ্যে আন্দোলনরত জুনিয়র চিকিৎসকদের কাজে যোগ দেওয়ার আবেদন জানিয়েছেন তিনি। তবে এই সময়ের মধ্যে যারা কাজে যোগ দেবেন না তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হবে কিনা সাংবাদিকদের সেই প্রশ্নের উত্তরে  মুখ্য সচিব স্পষ্ট করে কিছু বলেননি।

oooooooooooooooooooooo

জিএসটি কাউন্সিল, ক্যান্সারের ওষুধের ওপর পন্য ও পরিষেবা কর ১২ শতাংশ থেকে কমিয়ে পাঁচ শতাংশ করার সিদ্ধান্ত নিয়েছে।  নতুন দিল্লিতে গতকাল কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমনের সভাপতিত্বে কাউন্সিলের ৫৪ তম বৈঠকে এই সিদ্ধান্ত হয়। শ্রীমতি সীতারামন পরে সাংবাদিকদের জানান, ক্যান্সারের চিকিৎসার খরচ কমাতেই জিএসটি হ্রাসের এই সিদ্ধান্ত।

জীবন বীমা ও স্বাস্থ্য বীমার উপর জিএসটি হার কমানোর বিষয়টি বিবেচনা করতে একটি মন্ত্রীগোষ্ঠী গঠনের সিদ্ধান্তও নিয়েছে জিএসটি কাউন্সিল। অর্থমন্ত্রী

জানিয়েছেন, আগামী অক্টোবরের মধ্যে মন্ত্রীগোষ্ঠী রিপোর্ট পেশ করবে। নভেম্বরে পরবর্তী বৈঠকে এ ব্যাপারে সিদ্ধান্ত নেবে জিএসটি কাউন্সিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের দুর্গাপুজো কমিটিগুলিকে চলতি বছরের পুজো অনুদান দেওয়ার কাজ আজ শুরু হবে। নবান্নে গতকাল রাজ্য স্তরের প্রশাসনিক বৈঠক থেকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি একথা ঘোষণা করেছেন। তিনি জানান, পুজো অনুদান দিতে এবার ৪৫০ কোটি টাকা খরচ হচ্ছে। অনেক নতুন পুজো কমিটি অনুদানের জন্য আবেদন জানিয়েছে। কোনো পুজো কমিটি এই অনুদান প্রত্যাখ্যান করলে নতুন পুজো কমিটিকে তা দেওয়া হবে।

মুখ্যমন্ত্রীর বলেন, পুজোকে কেন্দ্র করে বহু গরিব মানুষের রুটি রুজির সংস্থান হয়। কিন্ত কিছু মানুষ পুজোকে ঘিরে কুৎসা, অপপ্রচার চালাচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার, ম্যালেরিয়া, ডেঙ্গু, বার্ড ফ্লু, মঙ্কি পক্স রোগ প্রতিরোধে প্রতিটি রোগের জন্য একজন করে নোডাল আধিকারিক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল প্রশাসনিক পর্যালোচনা বৈঠকে এজন্য স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগমকে নির্দেশ দিয়েছেন। আসন্ন উৎসবের মরসুমের আগে এই বিষয়ে সবাইকে সতর্ক থাকার কথা বলেছেন তিনি। প্রতিবেশী উড়িষ্যায় বার্ড ফ্লু ছড়িয়ে পড়ায় ইতিমধ্যেই বাংলার সীমান্ত সিল করে দেওয়া হয়েছে। প্রাণিসম্পদ বিকাশ দপ্তর পুনরায় নির্দেশ না দেওয়া পর্যন্ত তিনি মন্ত্রীদের সেই সরকারি নির্দেশ মেনে চলতে হবে। যদি নির্দেশ কেউ অমান্য করেন তবে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

বঙ্গোপোসাগরের ওপর ঘনীভূত অতি গভীর নিম্নচাপটি ওড়িশা অভ্যন্তরে প্রবেশ করে ক্রমশ শক্তি হারাচ্ছে। এই নিম্নচাপ আরও দুর্বল হয়ে ক্রমশ পশ্চিম, উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হবে।

এই নিম্নচাপ এবং মৌসুমী অক্ষরেখার প্রভাবে আগামী পাঁচদিন পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর। পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া এবং পশ্চিম বর্ধমানে আজ বজ্রবিদ্যুৎ সহ ঝড় বৃষ্টির পূর্বাভাষ রয়েছে। কলকাতা সহ শহরতলি এলাকায় রাতভর চলে বৃষ্টি।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo